

## প্রাণিসম্পদ বিভাগ, সিরাজগঞ্জ জেলার ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সরকারের নির্বাচনী ইসতেহার ২০২৪ এর প্রেক্ষিতে পরিকল্পনা ২০২১-২০৪১ অষ্টম পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা ২০২১-২০২৫ টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থার প্রবর্তন করা হবে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন করা হবে। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন, উৎপাদন উপকরণ এবং প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন করা হবে। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠির পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠির অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্ক্ষিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে যা সরকারের নির্বাচনী অংগিকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

২০২২-২০২৩ অর্থ বছরে সম্ভাব্য প্রধান প্রধান অর্জন সমূহঃ

- ⇒ গবাদিপশু উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে দুগ্ধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৬.৮১ লক্ষ মে:টন, ৩.৭৩ লক্ষ মে:টন ও ৪৭.১ কোটিতে উন্নীত
- ⇒ রোগ প্রতিরোধে ৮৩ লক্ষ গবাদি পশু-পাখিকে টিকা প্রদান।
- ⇒ পশুখাদ্য ও পশুখাদ্য আইন-২০১০ এবং পশুখাদ্য বিধিমালা-২০১৩ বাস্তবায়নে ২০২২ টি খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন;
- ⇒ গবাদি পশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ৪৩১টি উঠান বৈঠাক পরিচালনা;
- ⇒ গবাদিপশু ও হাঁস-মুরগীর খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণে ২৭টি মোবাইল কোর্ট পরিচালনা;
- ⇒ জীব নিরাপত্তা ও নিরাপদ প্রাণিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী পর্যায়ে ৬৯টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ১৩৮টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন
- ⇒ মাংস প্রক্রিয়াজাত কারীদের দক্ষতা বৃদ্ধির জন্য মোট ৩৭১ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) কে প্রশিক্ষণ প্রদান।